

ঝিনাইদহ জেলা ছাত্রলীগ সভাপতির বিরুদ্ধে সংবাদ সম্মেলন

ঝিনাইদহ সদর উপজেলার কালীচরণ পুর ইউনিয়নের বিরোধ পূর্ণ জমির গাছ জোরপূর্বক কেঁটে নেওয়া এবং গত ১২অক্টোবর সাংবাদিকদের কাছে ভুল তথ্যদিয়ে জমির মালিকানা দাবী করার প্রতিবাদে জেলা ছাত্রলীগের সভাপতি সজিব হোসেনের বিরুদ্ধে ভুক্তভোগি প্রবাসীর সংবাদ সম্মেলন।

জোরপূর্বক জমির গাছ কেঁটে
নেওয়ার প্রতিবাদ

শনিবার (২১ অক্টোবর) সকাল ১১টায় ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেণ ভুক্তভোগী জমির মালিকের স্বামী প্রবাসী হাসানুর রেজা বুলু। লিখিত বক্তব্যে তিনি জানান, ঝিনাইদহ সদর উপজেলার ১৫৬ নং কালীচরণপুর মৌজার এসএ দাগ নং ৫২৭ এবং আরএস ১৬৮৬নং দাগের ২২ শতক জমি নাবালক মসলেমের পক্ষে অভিভাবক পিতা গোলাম রব্বানী ২মার্চ ১৯৫৯ তারিখে ৩২৫২ নং দলিলের মাধ্যমে খোরশেদ আলীর স্ত্রী
আমিরণ নেছার নিকট বিক্রয় করিয়া সরেজমিনে দখল দেন। আমিরণ নেছা মারা গেলে একমাত্র কন্যা সাজেদা খাতুন ওয়ারেশ থাকে। এই ওয়ারেশ মুলে সাজেদা খাতুন নিজ নামে নামপত্তন করেন। সাজেদা খাতুন আর এস ১০৩৪ খতিয়ানে ২০
শতক রেকর্ড করিয়া ভোগ দখল করতে থাকা অবস্থায় ০২ এপ্রিল ২০১৪ সালে ২৭২২ নং আমমোক্তার নামা দলিলে মোঃ হাসানুর রেজাকে আমোক্তার নিযুক্ত করেণ। এসময় হাসানুর রেজা ১জানুয়ারী ২০১৫তারিখে ১১১১৮ নং দলিলে নাসিমা বেগমের নিকট হস্তান্তর করে সরেজমিন দখল

দেন। নাসিমা দখলী সম্পত্তি হিসেবে নাম পত্তন করিয়া ১৬৭১ নং হোল্ডিং এ ১৪৪৯ নং খতিয়ানে কর খাজনা প্রদান করতে থাকেন এবং বেড়া দ্বারা ঘিরিয়া মেহগনি, কড়াই. আম গাছ লাগাইয়া ভোগ দখল করতে থাকে। এরপর মিজানুর রহমান, একরাম হোসেন ও সজিব হোসেন নালীশি জমি বেদখলের হুমকী দিলে নাছিমা বেগম চিরস্থায়ী নিষেধাজ্ঞার আবেদন করেণ। পরবর্তিতে সজিব হোসেন গং নালীশি জমির গাছ পালা কাটিয়ে তারের বেড়া
দ্বারা ঘেরা শুরু করিলে ৯ অক্টোবর ২০২৩ তারিখে পুনঃরায় বিজ্ঞ আদালত হইতে স্থানীয় পরিদর্শনে প্রতিবেদন প্রার্থনা করেণ। প্রতিবেদনের আদেশে দেখা যায়,নালিশী জমি হইতে গাছ পালা কাটিয়া তারের বেড়া দ্বারা ঘিরিয়া রাখিয়াছে। এঅবস্থায় বাদিনির ৬৪ বছরের দখলীয় জমিতে ক্ষমতার জোরে জেলা ছাত্র লীগের সভাপতি সজিব হোসেন প্রবেশ করে উক্ত জমির মেহগনী বাগানসহ অন্যান্য গাছ পালা কাটিয়া নেয় এবং জমি কাটা তারের বেড়া দিয়ে ঘিরিয়া রাখিয়াছে। ভুক্তভোগী বুলু ও তার স্ত্রী নাসিমা বেগম জমিতে প্রবেশ করতে গেলে খুন জখমের ভয় ভীতি দেখিয়ে তাড়িয়ে দেয়। তিনি আরও বলেন ক্ষমতার জোরে সজিব হোসেন তার পরিবারের উপর বড় ধরণের হামলাসহ ক্ষয় ক্ষতি করার হুমকী দিয়ে আসছে। পরিবারের
লোকজনের নিরাপত্তার জন্য এবং গাছের ক্ষতি পূরণসহ জমির মালিকানা ফিরে পেতে সাংবাদিকদের মাধ্যমে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন।

তিন স্তরের নিরাপত্তা বেষ্টিত কালীগঞ্জের পূজা মন্ডপগুলি



কালীগঞ্জে পূজা মন্ডপের
নিরাপত্তায় থানা পুলিশ

শুরু হয়েছে সনাতন ধর্মাবলম্বিদের বৃহত্তম ধর্মীয় অনুষ্ঠান সারদীয় দূর্গোৎসব। কালীগঞ্জ উপজেলায় মোট ৫৩টি মন্ডপে সার্বজনীন দূর্গা পূজা অনুষ্ঠিত হচ্ছে। এই উৎসবকে কেন্দ্র করে কালীগঞ্জের পূজামন্ডপগুলি আইনশৃঙ্খলা বাহিনীর তিনস্তর বিশিষ্ট নিরাপত্তা চাদরে ঢেকে ফেলেছে।

সরেজমিনে দেখা যায়, উপজেলার ১টি পৌরসভা ও ৭টি ইউনিয়নে ২৯টি স্থায়ী ও ২৪টি অস্থায়ী মন্ডপে এ বছর সার্বজনীন দূর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। এগুলোর মধ্যে অধিক গুরুত্বপূর্ণ ১০টি, গুরুত্বপূর্ণ ১১টি ও সাধারণ ৩২টি পূজা মন্ডপ রয়েছে। পূজা মন্ডপ, পূজারী ও আগত দর্শনার্থীদের নিরাপত্তা দিতে ৩৩২ জন আনসার, প্রতিটি বিটে একটি করে মোবাইল টিম ও দুইজন ইন্সপেক্টরের নেতৃত্বে ১টি করে ষ্ট্রাইকিং টিম সার্বক্ষনিক দায়িত্ব পালন করছে।

এ বিষয়ে কালীগঞ্জ কেন্দ্রীয় কালীবাড়ী মন্দির পরিচালনা কমিটির সভাপতি বাবু নিরঞ্জন চন্দ্র ঘোষ বলেন, ‘দূর্গাপূজা উপলক্ষে আমাদের যাবতীয় কার্যক্রম ইতিমধ্যেই সম্পন্ন করেছি। গতকাল শুক্রবার রাত থেকে ষষ্ঠি পূজার মাধ্যমে দূর্গোৎসব আরম্ভ হয়েছে। পূজা উপলক্ষে প্রশাসনের পক্ষ থেকে আমাদের পর্যাপ্ত নিরাপত্তা প্রদান করা হচ্ছে।’

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ ফায়েজুর রহমান বলেন, ‘কালীগঞ্জ থানা এলাকার ৫৩টি পূজামন্ডপে উৎসবমুখর পরিবেশে সনাতন ধর্মাবলম্বিরা পূজা অর্চনা করবেন। প্রতিটি মন্ডপই আমাদের কাছে গুরুত্বপূর্ণ। ইতিমধ্যেই পূজা মন্ডপ, পূজারী ও আগত দর্শনার্থীদের নিরাপত্তাদানে তিনস্তর বিশিষ্ট নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। এছাড়াও প্রতিটি পূজা মন্ডপ সিসি টিভি ক্যামেরার আওতায়

একটি কন্ট্রোল রুমের মাধ্যমে নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করা হচ্ছে।

কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগে শান্তি সমাবেশ অনুষ্ঠিত

আওয়ামী লীগ সরকার দেশের যে উন্নয়ন করেছে অন্যেরা তা স্বপ্নেও দেখবে না। দেশের উন্নয়ন দেখে বিএনপি জামাত দিশেহারা হয়ে পড়েছে। মাছ না পেয়ে ছিপে কামড় খাচ্ছে তারা। বিএনপি জামাতের অগ্নি সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের উদ্দগে শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলে ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

তিনি আরও বলেন, দেশব্যাপী বিএনপি-জামায়াতের নৈরাজ্য ও অগ্নিসন্ত্রাস রুখে দিতে আওয়ামী লীগ রাজপথে থাকবে। কোনোভাবেই তাদেরকে সাধারণ মানুষের জানমালের ক্ষতি করার সুযোগ দেওয়া হবে না।বিএনপি-জামায়াতের নৈরাজ্য ও অগ্নিসন্ত্রাস প্রতিহত করে এবং জনগণের সমর্থন নিয়েই জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আগামী জাতীয় সংসদ নির্বাচনে আবারও আওয়ামী লীগ সরকার গঠন করবে ও উন্নয়নের ধারা অব্যাহত থাকবে।

আজ বুধবার (১৮ অক্টোবর) বিকেলে পৌর শহরের আখ সেন্টার মোড়ে সনি আবাসিকের সামনে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশ শেষে বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ করে একি স্থানে এসে সমাপ্ত হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামিলীগের সভাপতি কাজী আলমগীর, সাধারণ

সম্পাদক রিপন মন্ডল, সাবেক যুবলীগ সভাপতি মীর কাশেম, পৌর সভার প্যানেল মেয়র ও পৌর সেচ্ছাসেবক লীগের আহ্বায়ক জাহিদ হোসেন, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম প্রমুখ। সে সময় সরকারের পক্ষে বিভিন্ন স্লোগানে স্লোগানে শহর মুখরিত করে তোলেন নেতা কর্মীরা।

এ ছাড়াও উপজেলা আওয়ামী লীগ, পৌর আওয়ামিলীগ, যুবলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগ, শ্রমিক লীগেসহ সকল অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে শেখ রাসেল দিবস পালিত

ঝিনাইদহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৬০তম জন্মদিন ও শেখ রাসেল দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে বুধবার সকালে পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে জেলা শিল্পকলা একাডেমিতে গিয়ে শেষ হয়। সেখানে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পরে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস. এম. রফিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথিন্দ্রনাথ রায়, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরিফুল ইসলাস, জেলা পরিষদ নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন, ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি শারমিন আক্তার সুমি, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম. রায়হান প্রমূখ।

সেসময় বক্তারা, শেখ রাসেল দীপ্তিময় নির্ভীক নির্মল দুর্জয়। দেশের মানুষের মাঝে শেখ রাসেল সারাজীবন বেঁচে থাকবে।

কোটচাঁদপুরে রাইয়ান পার্ল হারবালের মুক্তা গবেষণাগার উদ্বোধন

ঝিনাইদহের কোটচাঁদপুর রাইয়ান পার্ল হারবালের মুক্তা গবেষণাগারটি পায়রা ও বেলুন উড়িয়ে শুভ উদ্বোধন করলেন,মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের সচিব ড. নাহিদ রশীদ। গতকাল সোমবার রাতে এ গবেষণাগারের উদ্ভোধন করেন তিনি।

কোটচাঁদপুরের রাইয়ান পার্ল হারবালের উদ্যোক্তা নজরুল ইসলাম বলেন, বাংলাদেশের মধ্যে প্রথম মুক্তা গবেষণাগারটি কোটচাঁদপুরের রাইয়ান পার্ল হারবালে। যে গবেষণাগারটি উদ্ভোধন করেছেন,মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের সচিব ড. নাহিদ রশীদ। আর এ উদ্ভোধনের মধ্য দিয়ে নতুন একটি দ্বার উন্মোচিত হল আজ।

তিনি বলেন, এ গবেষণাগার থেকে ট্রেনিং করে, তরুন উদ্যোক্তারা নতুন জ্ঞান অর্জন করেছেন। যা তারা কাজে লাগিয়ে নিজেদের জীবন তথা সমাজকে বদলে দিতে পারবে।

তিনি আরও বলেন,ঝিনুক থেকে ঝিনাইদহের জন্ম। সেই ঝিনুকের মাঝে মুক্তা চাষ ও মুক্তার তৈরী গহনার উৎপাদন, বিপনন করে ঝিনাইদহকে মুক্তার নগরী হিসেবে গড়ার আশা প্রকাশ করেন,নজরুল ইসলাম। আর এ সবের জন্য তিনি সচিবের নিকট সার্বক সহায়তা কামনা করেন তিনি।

এ সময় উপস্থিত ছিলেন,সচিবের একান্ত সচিব মাহমুদ উল্লাহ মারুফ,খুলনা মৎস্য অধিদপ্তরের সিনিয়র সহকারি পরিচালক বিশ্বজিৎ বৈরাগী, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে, জেলা মৎস্য অফিসার ফরহাদুর রেজা, দোড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল জলিল, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার।

উদ্ভোধনের পরে তিনি মুক্তা গবেষণাগারটি পরিদর্শন করেন। ঘুরে ঘুরে দেখেন,স্থানীয় ভাবে ঝিনুকের মাঝে উৎপাদিত মুক্তা ও মুক্তার তৈরী গহনা। তিনি এ সব দেখে সন্তোষ প্রকাশ করেন। বলেন, এটা একটা

ভাল উদ্যোগ। আমি এ মুক্তা গবেষণাগারে সমৃদ্ধি কামনা করছি। এ ছাড়া সরকারি ভাবে কোন সহায়তা থাকলে তিনি করবেন বলে জানান।

পরে তিনি এশিয়ার বৃহৎ মৎস্য হ্যাচারি কোটচাঁদপুরের বলুহর হ্যাচারি কমপ্লেক্সটিও পরিদর্শন করেন বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

প্রতিপক্ষের হামলায় ঝিনাইদহে ইউপি সদস্য খুন, বাড়িঘর ভাংচুর ও লুটপাট

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার মীনগ্রামে আওয়ামী লীগের দু’পক্ষের আধিপত্য বিস্তারের জেরে হাবিবুর রহমান রিপন (৪৫) নামের এক ইউপি সদস্যকে পিটিয়ে হত্যা করেছে প্রতিপক্ষরা।

আজ সোমবার দিবাগত রাত আড়াইটার দিকে আবাইপুর-মীনগ্রামের সড়কে এ ঘটনা ঘটে। নিহত রিপন আবাইপুর ইউনিয়ন পরিষদের ৭নং ওয়ার্ডের মেম্বর ও ইউনিয়ন আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক।

স্থানীয়রা জানায়, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে আবাইপুর ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান হেলাল উদ্দিন বিশ্বাস ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবুল কালামের সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছিলো। আবুল কালাম স্থানীয় সংসদ সদস্য আব্দুল হাই এর অনুসারী এবং হেলাল উদ্দিন বিশ্বাস জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নজরুল ইসলাম দুলালের ছোট ভাই। আবুল কালাম আজাদ শারীরিক ভাবে অসুস্থ থাকায় তার ছেলে রিপন তার দলের নেতৃত্ব দিয়ে আসছিলো। দুলাল বিশ্বাসের পোস্টার ছেড়াকে কেন্দ্র করে গত শুক্রবার হেলালের সমর্থকদের সাথে ইউপি সদস্য রিপনের সমর্থকদের মারামারি হয়।

এ ঘটনায় পুলিশ উভয় পক্ষের ৪ জনকে আটক করে। গতকাল রোববার রাতে ইউপি সদস্য হাবিবুর রহমান রিপন শৈলকুপা থানা থেকে মারামারির ঘটনা মিমাংসা করে ফিরছিলো। পথে মিনগ্রমের মাঠের মধ্যে এলে আগে থেকে ওৎ পেতে থাকা হেলালের সমর্থকরা তাদের গতিরোধ করে কুপিয়ে ও

পিটিয়ে গুরুতর আহত ও যখম করে। সেখান থেকে তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে রাত সাড়ে ৩ টার দিকে তিনি মারা যায়। এদিকে মৃত্যুর খবর এলাকায় ছড়িয়ে পড়লে বেশ কয়েকটি বাড়িঘর ভাংচুর ও লুটপাট করা হয়।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার এস এম রাজু আহমেদ বলেন, সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে ঘটনাটি ঘটেছে। এলাকায় উত্তেজনা বিরাজ করায় পুলিশ মোতায়েন করা হয়েছে। এই হত্যার সাথে যারা জড়িত তাদের দ্রুত গ্রেফতার করা হবে।

কোটচাঁদপুর শিশু নিলয় ফাউন্ডেশনের মতবিনিময় সভা

কিশোরী ক্লাব থেকে যা শিখেছেন,সেটি আপনাদের বাড়ি,গ্রাম,সমাজ তথা দেশে ছড়িয়ে দিবেন। কিশোরী কর্মসুচীর আওতায় উপস্থিত কিশোরীদের উদ্যেশে এ মন্তব্য করেন,পিকেএসএফের চেয়ারম্যান ও অনুষ্ঠানের প্রধান অতিথি ড. এম খাইরুল হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পিকেএসএফের ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন,শিশু নিলয় ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক নাছিমা বেগম। সঞ্চালনায় ছিলেন, শিশু নিলয় ফাউন্ডেশনের উপ পরিচালক আসিফ আহসান খান।

আজ সোমবার দুপুরে পিকেএসএফের প্রতিনিধি দল প্রথমে কোটচাঁদপুরের বাগডাঙ্গা গ্রামে প্রতিষ্ঠিত প্রবীন কর্মসুচীর আওতায় পরিচালিত প্রবীন কেন্দ্রটি। খোঁজ খবর নেন ওই কেন্দ্রের প্রবীনদের। শোনেন তাদের সমস্যা, সফলতার গল্প।

এরপর ওই প্রতিনিধি দলটি যান,এলাঙ্গী ইউনিয়ন পরিষদে। যোগ দেন কিশোরী ক্লাবের সদস্যদের নিয়ে করা আলোচনা সভায়।
যা অনুষ্ঠিত হয় বিকাল ৪ টায়। এ সময় তারা খোঁজ খবর নেন ক্লাবের

সদস্যদের। এরপর উপভোগ করেন,কিশোরী ক্লাবের সদস্যদের সাংস্কৃতিক উপস্থাপনা।

ঝিনাইদহে ‘দৈনিক কালবেলা’ পত্রিকার ১ম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

ঝিনাইদহে দৈনিক কালবেলা পত্রিকার ১ম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়েছে। আজ সোমবার সকাল ১১ টায় সময় প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহ প্রেসক্লাব অডিটরিয়ামে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক কালবেলা পত্রিকার ঝিনাইদহ ব্যুরো প্রধান মোঃ মাহামুদুল হাসান টিপু এর উপস্থাপনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ খালিদ হাসান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা গোয়েন্দা শাখার (ডিবি) অফিসার ইনচার্জ মোঃ শাহীন উদ্দিন।

এসময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম. রায়হান, এটিএন নিউজের জেলা প্রতিনিধি নিজাম জোয়ার্দ্দার বাবলু।

এছাড়াও উপস্থিত ছিলেন ‘দুরন্ত প্রকাশ’র সম্পাদক মিরাজ জামান রাজ সহ ঝিনাইদহ প্রেসক্লাবের সদস্য, সাংবাদিক, আইনজীবী ও সুশীল সমাজের প্রমূখ ব্যক্তিবর্গ।

কোটচাঁদপুরে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে মতবিনিময় ও আলোচনা সভা

“পুলিশই জনতা জনতাই পুলিশ”এই প্রতিপাদ্য শারদীয় দুর্গাপূজা উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল থানা পুলিশের আয়োজনে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৬ অক্টোবর) দুপুরে মডেল থানা চত্বরে এ মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মডেল থানার অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর সভার মেয়র সহিদুজ্জামান সেলিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, মডেল থানার তদন্ত (ওসি) জগন্নাথ চন্দ্র, পৌর পুলিশ ফাঁড়ির পরিদর্শক শাহাদাৎ হোসেন, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, সাধারণ সম্পাদক রিপন মন্ডল, উপজেলা যুবলীগের আহ্বায়ক মীর মনিরুল আলম, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ রায়,পৌর কাউন্সিলর সুব্রত চক্রবর্তী প্রমুখ। সে সময় পুজা মন্তপে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ও করনীয় বিভিন্ন বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা। আলোচনা সভা পরিচালনা করেন মডেল থানার উপপরিদর্শক এস আই নাজিবুল হক।

এ সময় উপজেলার ৪৫ টি পুজা মন্ডপ পরিচালনা কমিটির সভাপতি-সম্পদক, সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে বিদুৎয়ায়িত হয়ে দুই বিদ্যুৎ মিস্ত্রির মৃত্যু

বিদুৎয়ায়িত হয়ে দ্বিতল ভবন থেকে পড়ে দুই বিদ্যুৎ মিস্ত্রি মারা গেছেন। আজ সোমবার সকালে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স সড়কে।

জানা যায়,বাবলু মিয়ার বাড়ির দ্বিতীয় তলায় বিদ্যুৎতের কাজ করছিল আজিম হোসেন ও মহাসিন আলী।

অসাবধানতা বশত বিদ্যুৎতের লাইনে জড়িয়ে গুরুত্বর আহত হন দুই জন বিদ্যুৎ মিস্ত্রি। এ সময় স্থানীয়রা দ্রুত তাদেরকে উদ্ধার করে,কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান।

স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক আজিম হোসেন (২৭)কে মৃত ঘোষণা করেন। আর গুরুতর আহত মহাসিন আলী (৩০)কে যশোর হাসপাতালে রেফার্ড করেন। যশোর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান মহাসিন আলীও।

আজিম কোটচাঁদপুরের বলুহর গ্রামের আমজাত হোসেনের ছেলে। আহত মহাসিন আলী মহেশপুরের আলামপুর গ্রামের মৃত গাজী রহমানের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক সাব্বির আহম্মেদ বলেন, বিদুৎয়ায়িত হয়ে গুরুত্বর অবস্থায় স্বাস্থ্য কমপ্লেক্সে দুই জনকে আনা হয়। এদের মধ্যে একজন কিছুক্ষন পর মারা যায়। অন্যজনের অবস্থা খারাপ হওয়ায় তাকে যশোর হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) কামরুজ্জামান বলেন,খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে ছিলাম। খোঁজ খবর নিয়ে জানতে পারলাম বিদ্যুৎয়ায়িত হয়ে মারা গেছেন। মরাদেহের সুরতহাল করা হয়েছে। লাশ উদ্ধার করে থানায় আনা হয়েছে। পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।